

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৭৩১

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ১০. তোশামোদের অপকারিতা সম্পর্কে।

باب فِي كَرَاهِيَةِ التَّمَادُحِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا بِشْرُ، _ يَعْنِي ابْنَ الْمُفَضَّلِ _ حَدَّثَنَا أَبُو مَسْلَمَةَ، سَعِيدُ بْنُ يَزِيدَ عَنْ أَبِي نَضْرَةَ، عَنْ مُطَرِّف، قَالَ قَالَ أَبِي انْطَلَقْتُ فِي وَفْدِ بَنِي عَامِرٍ إِلَى رَسُولِ اللَّهِ عَنْ أَبِي انْطَلَقْتُ فِي وَفْدِ بَنِي عَامِرٍ إِلَى رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم فَقُلْنَا أَنْتَ سَيِّدُنَا . فَقَالَ " السَّيِّدُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى " . قُلْنَا وَأَعْظَمُنَا طَوْلاً . فَقَالَ " قُولُوا بِقَوْلِكُمْ أَقْ بَعْضِ قَوْلِكُمْ وَلاَ يَسْتَجْرِيَنَّكُمُ الشَّيْطَانُ " .

বাংলা

৪৭৩১. মুসাদ্দাদ (রহঃ) মুতাররিফ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমার পিতা বলেছেনঃ আমি বনূ আমিরের প্রতিনিধি দলের সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে হাযির হয়ে বলিঃ আপনি আমাদের নেতা। জবাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সায়্যেদ বা নেতা তো একমাত্র আল্লাহ্ তা'আলা। তখন তারা বলেঃ আপনি আমাদের মাঝে সব চাইতে উত্তম ব্যক্তি। তিনি বলেনঃ তোমরা আমাকে যা বলে থাক অর্থাৎ নবী বা রাসূল তা বলবে। আর এরূপ যেন না হয় যে, শয়তান তোমাদের উকিল বানিয়ে নেয়।

English

Narrated Abdullah ibn ash-Shikhkhir:

I went with a deputation of Banu Amir to the apostle of Allah (ﷺ), and we said: You are our lord (sayyid). To this he replied: The lord is Allah, the Blessed and Exalted. Then we said: And the one of us most endowed with excellence and superiority. To this he replied: Say what you have to say, or part of what you have to say, and do not let the devil make you his agents.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুতাররিফ ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন